দৈনিক সংবাদ

তারিখ ...10 SEP 1986... ...
পৃষ্ঠা... ...2... কলাম...1... ...

# শিক্ষা মন্ত্রণালয়ের বৈঠকে উন্নয়ন প্রকল্পের কার্যক্রম পর্যালোচনা

গত বুধবার শিক্ষা ভবনে শিক্ষামন্ত্রী জনাব মমিনউদ্দিন আহমদের সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্থ পরিদপ্তরগুলোর উর্ধ্বতন কর্মকর্তাদের এক উচ্চ পর্যায়ের সভা অনুষ্ঠিত হয়। শিক্ষা সচিবও সভায় উপস্থিত ছিলেন।

সভায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প পর্যালোচনা এবং চলতি বছরে গৃহীত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় ও কতিপয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

বিজ্ঞান শিক্ষা প্রকল্পের আওতায় ৪৭ মিলিয়ন ডলার ব্যয়ে একটি প্রকল্প হাতে নেয়া হয়েছে। এ প্রকল্পে দু'শ' মাদ্রাসাসহ ৪ হাজার মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞানাগার নির্মাণ ও বিজ্ঞান সরঞ্জামাদি সরবরাহ করা হবে। এ বছরই দেশে ৯টি বিজ্ঞান শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা করা হবে। এছাড়া ১০ কোটি টাকা ব্যয়ে ৭৫টি উচ্চ মাধ্যমিক কলেজে বিজ্ঞান শিক্ষার সুযোগ বৃদ্ধি করা হবে। এ কাজগুলো ফেসিলিটিজ বিভাগের মাধ্যমে করা হবে। খবর তথ্য বিবরণীর।